

## ■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮০৭

১৩. কিতাবুল হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ইচ্ছা ছিল বাইতুল্লাহকে ভেঙে দিয়ে হিজরকে বাইতুল্লাহর অস্তর্ভুক্ত করতে

ذِكْرُ إِرَادَةِ الْمُصْطَفَى صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَزِيدَ الْحِجْرَ فِي الْبَيْتِ لَوْ هَدَمَهُ

আরবী

3807 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ يَحْيَى بْنُ زُهَيرٍ بِتُسْتَرَ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ سِنَانٍ الْقَطَّانُ حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا سُلَيْمَ بْنُ حَيَّانٍ حَدَّثَنَا سَعِيدُ بْنُ مِينَاءَ ، قَالَ: سَمِعْتُ ابْنَ الزُّبِيرِ يَقُولُ - وَهُوَ عَلَى الْمِنْبَرِ حِينَ أَرَادَ أَنْ يَهْدِمَ الْكَعْبَةَ وَيَبْيِنِيهَا - : حَدَّثْنِي عَائِشَةُ - خَالِتِي - أَنَّ رَسُولَ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَهَا: (يَا عَائِشَةُ لَوْلَا أَنَّ قَوْمَكَ حَدِيثُ عَهْدِ بِشْرِكِ لَهَدَمْتُ الْكَعْبَةَ ثُمَّ زِدْتُ فِيهَا سِتَّةَ أَذْرُعٍ مِنَ الْحِجْرِ - فَإِنَّ قُرْيَاً أَقْتَصَرَتْ بِهَا حِينَ بَنَتِ الْبَيْتِ - وَجَعَلَتْ لَهَا بَابَيْنِ بَابًا شَرْقِيًّا وَبَابًا غَربِيًّا وَأَلْزَقْتُهَا بِالْأَرْضِ) الرَّاوِي : سَعِيدُ بْنُ مِينَاءَ | الْمَحْدُث : الْعَالَمَةُ نَاصِرُ الدِّينُ الْأَلْبَانِي | الْمَصْدُر :

التعليق الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3807 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (43)،  
((الإرواء)) (1106): ق.

বাংলা

৩৮০৭. সাঈদ বিন মীনাহ থেকে বর্ণিত, তিনি বলেন, “আব্দুল্লাহ বিন যুবাইর রাদিয়াল্লাহু আনহু যখন বাইতুল্লাহ ভেঙে পুনঃনির্মান করার ইচ্ছা করেন, সেসময় আমি তাকে মিশ্বারের উপর বলতে শুনেছি, তিনি বলেছেন, “আমার খালা আয়িশা রাদিয়াল্লাহু আনহা আমাকে হাদীস বর্ণনা করেছেন, নিশ্চয়ই আল্লাহর রাসূল সাল্লাম তাঁকে বলেছেন, “হে আয়িশা, যদি তোমার সম্প্রদায় শিরকের নিকটবর্তী না হতো, তবে অবশ্যই আমি বাইতুল্লাহকে ভেঙে হিজরের দিক থেকে ছয় গজ বৃদ্ধি করতাম।—কেননা কুরাইশরা যখন বাইতুল্লাহ নির্মাণ করে, তখন তারা সেটাকে ছেট করে দেয়। সেটার দুটি দরজা করে দিতাম; পূর্বদিকে একটি দরজা এবং পশ্চিম দিকে একটি দরজা এবং আমি বাইতুল্লাহকে মাটির সাথে লাগিয়ে দিতাম।”[1]

## ফুটনেট

[1] সহীহ ইবনু খুয়াইমাহ: ৩০২০; হাকিম: ১/৪৭৯-৮৮০; সুনান বাইহাকী: ৫/৯০; মুসনাদ আহমাদ: ৬/২৩৯;  
সহীলুল বুখারী: ১৫৮৬; নাসাঈ: ৫/২১৬; দারেমী: ২/৫৩-৫৪; সহীহ মুসলিম: ১৩৩৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন  
আলবানী রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93146>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন